



# THE DAILY CAMPUS

## Daily Campus, 19-10-2024, Online

### ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে শীতকালীন সেমিস্টারের নবীনবরণ অনুষ্ঠিত



অনুষ্ঠানে বক্তব্য দিচ্ছেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন © টিভিসি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ২০২৪ সালের শীতকালীন সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের বরণ করল। বৃহস্পতিবার (১৭ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের আফতাবনগর ক্যাম্পাসে নবীনবরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই সেমিস্টারে ১৩টি বিভাগে আলাদা অনুষ্ঠানের মাধ্যমে স্নাতক এবং স্নাতকোত্তর শ্রেণীতে ২ হাজার ৭০০ জনেরও বেশী শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বড় অংশই নারী। অনুষ্ঠানে নবীনদের বরণ করে নেওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন, শিক্ষা কার্যক্রম, সুযোগ-সুবিধা সম্পর্কে ধারণা দেওয়া হয়।

অনুষ্ঠানে বক্তারা, নবীনদের আত্মবিশ্বাসী নাগরিক হয়ে গড়ে উঠার তাগিদ দেন। একইসাথে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনে কঠোর অধ্যবসায়ের পাশাপাশি বিভিন্ন ক্লাব, গবেষণাগার এবং লাইব্রেরিতে সক্রিয় হয়ে একজন দক্ষ মানবসম্পদ রূপে নিজেকে গড়ে তোলার প্রস্তুতি নিতে পরামর্শ দেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করেন।



নবীনবরণে শিক্ষার্থীদের উদ্দেশ্যে কথা বলছেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান

নবীনবরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে যোগ দেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম আশিক মোসাদ্দিক, কোষাধ্যক্ষ এয়ার কমডোর (অব.) ইশফাক এলাহি চৌধুরী এবং বিশ্ববিদ্যালয়ের সফল এলামনাইগণ নবীনদের উদ্দেশ্যে বক্তব্য দেন।